জাতীয় নিরাপত্তা উপদেষ্টার ভিয়েতনাম সফর (01 - 02 নভেম্বর, 2026)

জাতীয় নিরাপত্তা উপদেষ্টা শ্রী অজিত ডোভাল 1-2 নভেম্বর 2026 তারিখে ভিয়েতনামের হ্যানয়-এ সরকারি সফরে যান।

2. সফরকালে জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ভিয়েতনামের কমিউনিস্ট পার্টির (সিপিভি) কেন্দ্রীয় কমিটির পলিটব্যুরোর সদস্য এবং দেশটির জননিরাপত্তা মন্ত্রী জেনারেল লুয়ং তাম কোয়াংয়ের সঙ্গে বৈঠক করেন। উভয় পক্ষ নিরাপত্তা ও গোয়েন্দা বিভাগ সংক্রান্ত চলমান সহযোগিতা সম্পর্কে আলোচনা করেন যার মধ্যে আইন প্রয়োগ, সাইবার নিরাপত্তা, সামুদ্রিক নিরাপত্তা এবং অর্থনৈতিক নিরাপত্তার বিষয়গুলিও অন্তর্ভুক্ত ছিল। উভয় পক্ষ এই ক্ষেত্রগুলিতে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সহযোগিতা আরও জোরদার করতে সম্মত হন।

3. জাতীয় নিরাপত্তা উপদেষ্টা সিপিভি-এর কেন্দ্রীয় কমিটির সাধারণ সচিব ও রাষ্ট্রপতি মহামহিম শ্রী তো লামের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করে তার কাছে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর আন্তরিক শুভেচ্ছা পৌঁছে দেন।

4. তিনি সিপিভি-এর কেন্দ্রীয় কমিটির পলিটব্যুরোর সদস্য, উপ-প্রধানমন্ত্রী ও প্রতিরক্ষামন্ত্রী জেনারেল ফান ভ্যান জিয়াং এবং সিপিভি-এর কেন্দ্রীয় কমিটির পলিটব্যুরোর সদস্য ও বিদেশমন্ত্রী শ্রী লে হোয়াই চুংয়ের সঙ্গেও বৈঠক করেন।

5. এছাড়াও জাতীয় নিরাপত্তা উপদেষ্টা হ্যানয়ের ঐতিহাসিক কোয়ান সু প্যাগোডা পরিদর্শন করেন, যা ভিয়েতনামের জাতীয় বৌদ্ধ সংঘের (ভিবিএস) সদর দপ্তর।

6. 2027 সালে ভারত ও ভিয়েতনামের মধ্যে দ্বিপাক্ষিক কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার 55তম বার্ষিকী উদযাপিত হবে। এই সফরের মাধ্যমে ভারত-ভিয়েতনাম বর্ধিত ব্যাপক কৌশলগত অংশীদারিত্বের আওতায় দ্বিপাক্ষিক সহযোগিতার অগ্রগতি পর্যালোচনার সুযোগ তৈরি হয়।

হ্যানয়, ভিয়েতনাম

02 নভেম্বর, 2026